

৩১/০২/০২
১২/০২/০২

ব্যয় সঙ্কোচের নামে বঙ্গবন্ধু ফেলোশিপসহ ৮০টি বৃত্তি বাতিল ॥ বিদেশে ছাত্ররা বেকায়দায়

শরিকুজ্জামান পিক্ত

বঙ্গবন্ধু ফেলোশিপসহ ৮০টি বৃত্তি সরকার বাতিল করে দিয়েছে। বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের এসব বৃত্তি সরকারের ব্যয় সঙ্কোচন কর্মসূচীর অংশ হিসাবে বাতিল করা হয়েছে বলে মন্ত্রণালয় সূত্রে বলা হয়েছে। কিন্তু অভিযোগ পাওয়া গেছে যে, রাজনৈতিক কারণেই বাতিল হয়েছে এসব বৃত্তি। বিশেষ করে বঙ্গবন্ধু ফেলোশিপ বাতিল করতে গিয়ে আইওয়াশ হিসাবে অন্য বৃত্তিগুলোও বাতিল করা হয় বলে অভিযোগ উঠেছে। সরকারের এই পদক্ষেপের ফলে বিদেশে অধ্যয়নরত

(১) পৃষ্ঠা ৬-এর ৯১ নম্বর

ব্যয় সঙ্কোচের নামে

গবেষক ও উচ্চশিক্ষার্থীরা পড়েছেন চরম বেকায়দায়। কোর্সের শুরু, মাঝামাঝি বা শেষ পর্যায়ে এসে তাদের গবেষণার পাঠ চুকিয়ে ফেলাতে হচ্ছে। এতে বিদেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে বাংলাদেশের ভাবমূর্ত্তি ক্ষণ্ডিত হবে। পরবর্তীতে বাংলাদেশের শিক্ষার্থী ও গবেষকদের ভর্তির ব্যাপারে এরই প্রতিষ্ঠান পিছুটান দেবার সুযোগ পাবে।

জানা যায়, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের পাঁচটি প্রকল্পের আওতায় ১৭ কোটি ২৯ লাখ টাকা ব্যয়ে ৮০ জনকে গবেষণা ও উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ দেয়া হয়। এর মধ্যে চার কোটি চুয়ান্বিশ লাখ টাকা ব্যয়ে ২২ জনকে বঙ্গবন্ধু ফেলোশিপ দেয়া হয়। '৯৮ সালের জুনে দেয়া এই ফেলোশীপ নিয়ে ২২ ছাত্র ব্রিটেন, আমেরিকা, জার্মান ও মালয়েশিয়ায় পড়াশোনা করছে। এছাড়া চারকোটি চুয়ান্বিশ লাখ টাকা ব্যয়ে বাংলাদেশ কাউন্সিল অব সায়েন্টফিক এ্যান্ড ইন্ডাস্ট্রিয়াল রিসার্চ (বিসিএসআইআর) থেকে ২৮ জন টাককে উচ্চশিক্ষা গ্রহণের জন্য এবং আট কোটি ৪২ লাখ টাকা ব্যয়ে বাংলাদেশ এ্যাটোমিক এনার্জি কমিশন থেকে ৩০ জন বিজ্ঞানীকে গবেষণা ও উচ্চশিক্ষা গ্রহণের সুযোগ দেয়া হয়।

বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের একটি সূত্র জানায়, এসব বৃত্তি প্রদানে অনিয়ম হয়েছে। দলীয় দোকজানকে মনোনয়ন দেয়া হয়েছে। কিন্তু নাম প্রকাশে অনিচ্ছুক একজন গবেষক জানান, যে প্রক্রিয়ায় বৃত্তি দেয়া হয়েছে তাতে দুর্নীতির সুযোগ ছিল না। দেশের বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য ও সরকারের উচ্চপদস্থ কর্মকর্তারা আবেদনকারীদের মধ্যে যোগ্য ব্যক্তিদের বাছাই করেছেন।

এদিকে বৃত্তি নিয়ে বিপাকে পড়েছেন সগুপ্তিরা। কারণ গবেষণা মাঝপথে, কারণ উচ্চশিক্ষা শেষ পর্যায়ে, কেউবা শুরু করেছেন সবেমাত্র। এমন অবস্থায় সরকারের বৃত্তি বাতিলের ঘোষণায় তাদের এখন মাথায় হাত।